

(প্রেস বিজ্ঞপ্তি)

১১ জুন '২০২৩খ্রি.

### চট্টগ্রামের উন্নয়নে মেয়রকে সহায়তা করতে চায় চট্টগ্রাম ড্রাইডক

চট্টগ্রামের উন্নয়নে সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর পরিকল্পনা বাস্তবায়নে চট্টগ্রাম ড্রাইডক লিমিটেড সহায়ক ভূমিকা রাখতে চায় বলে মন্তব্য করেছেন সংস্থাটির ব্যবস্থাপনা পরিচালক কমোডর সৈয়দ মিসবাহ উদ্দিন আহমদ। রোববার টাইগারপসস্থ চসিক কার্যালয়ে এক সৌজন্য সাক্ষাতে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী চট্টগ্রাম ড্রাইডকের কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সম্পর্কে অবগত হন। মেয়র চট্টগ্রামের উন্নয়নে প্রধানমন্ত্রীর দেয়া আড়াই হাজার কোটি টাকার প্রকল্প বাস্তবায়নে ড্রাইডক কী ধরনের ভূমিকা রাখতে পারে তা জানতে চান। এসময় সংস্থাটির ব্যবস্থাপনা পরিচালক কমোডর সৈয়দ মিসবাহ উদ্দিন আহমদ বলেন, চট্টগ্রাম নগরীর নৌ পরিবহন ব্যবস্থা আধুনিকায়ন ও জনপ্রিয়করণে বর্তমানে দিন-রাত ২৪ ঘন্টা শিফটিং করে কার্যক্রম পরিচালনা করছে ড্রাইডক কর্তৃপক্ষ। চসিককে নৌপরিবহন নির্মাণের পাশাপাশি এর সংরক্ষণ, প্রসার ও জলপথ ব্যবহারে নাগরিকদের সুবিধা বৃদ্ধিতে ড্রাইডক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। পাশাপাশি চট্টগ্রামের পথচারীদের সুবিদার্থে চট্টগ্রামের মেয়র যে ৩৬ টি ফুটওভার ব্রিজ নির্মাণের উদ্যোগ নিয়েছেন তা নির্মাণ ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করতে পারে চট্টগ্রাম ড্রাইডক। প্রতিষ্ঠানটি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি রপ্তানির মাধ্যমে দেশের বিপুল বৈদেশিক মুদ্রা আয়ে ভূমিকা রাখছে বলেও জানান তিনি।

সভায় চসিকের পক্ষে উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, কাউন্সিলর ছালেহ আহম্মদ চৌধুরী, মোহাম্মদ আবদুল মান্নান, মোঃ শফিকুল ইসলাম, মোঃ শাহেদ ইকবাল বাবু, সংরক্ষিত নারী কাউন্সিলর রুমকি সেনগুপ্ত, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচালনা কর্মকর্তা মুহাম্মদ আরুল হাশেম, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা আজিজ আহমদ। চট্টগ্রাম ড্রাইডকের পক্ষে উপস্থিত ছিলেন ক্যাপ্টেন হানিফ মাহমুদ, সাব ল্যাফটেন্যান্ট রুমেন মজুমদার।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮